**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 16 May 2025** **TIME: 7:35 AM**

---

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যান মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ কাজিরাঙা জাতীয় উদ্যান ভ্রমণ করবেন এবং আগামীকাল গুয়াহাটির শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে প্রধানমন্ত্রী আবাস যোজনার একটি রাজ্য পর্যায়ের অনুষ্ঠানে তিনি অংশ নেবেন ।

এদিকে মিজোরামের কৃষি পদ্ধতি জনজাতীয় জীবনশৈলীর সঙ্গে ওতোপ্রতোভাবে জড়িত হয়ে রয়েছে এবং রাজ্যের উন্নয়নে কৃষিক্ষেত্র বিশেষ ভূমিকা গ্রহণ করছে বলে কেন্দ্রীয় কৃষি, কৃষক কল্যাণ ও গ্রামোন্নয়ন বিভাগের মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন । গতকাল ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে মিজোরামের উদ্যানশস্য মহাবিদ্যালয়ের উদ্বোধন করে কৃষিমন্ত্রী শ্রী চৌহান একথা জানান । মন্ত্রী শ্রী চৌহান জানান যে- তেঁতুল, কলা, আম, আনারস, কমলা, বেগুন, টমেটো এবং লতাজাতীয় শাকসব্জি মিজোরামের জলবায়ুর জন্য ভীষণ অনুকূল । তবে রাজ্যের কৃষি উৎপাদনের জন্য পর্যাপ্ত বৃষ্টিপাত হওয়া সত্ত্বেও মোট কৃষিজমির চার দশমিক পাঁচ শতাংশই শুধু কৃষিকাজের জন্য ব্যবহার করা হচ্ছে বলে তিনি মন্তব্য করেন ।

উল্লেখ্য- আসাম সহ উত্তর পূর্বাঞ্চলের তিনটি রাজ্যে চারদিনের সফরসূচী নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌহান গত বুধবার বিকেলে নগাঁও জেলার কাঞ্চনজুরিতে উপস্থিত হন । কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌহান তার এই সফরে রাজ্যে বেশকয়েকটি প্রকল্পের উদ্বোধন করছেন ।

---

অপারেশন সিন্দুরের সাফল্য ও দেশের সেনাবাহিনীর বীরত্বের কথা জনসাধারনের মধ্যে পৌছে দিতে ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা কমিটি , জেলার নাগরিক সমাজ , বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক - ক্রীড়া সংস্থার যৌথ উদ্যোগে গতকাল শিলচরে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয় । তিরঙ্গা যাত্রাটি বেলা ১২টায় জেলা ক্রীড়া সংস্থার মাঠ থেকে বের হয়ে শহর পরিক্রমা করে নেতাজী মূর্তির পাদদেশে গিয়ে শেষ হয় ।

তিরঙ্গা যাত্রায় বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , জেলা আয়ুক্ত মৃদুল যাদব , পুলিশ সুপার নোমাল মাহাতো সহ বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা, বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করেন ।

---

এদিকে শ্রীভূমি জেলার ভারতীয় জনতা পার্টির পাথারকান্দি মন্ডল ও লোয়াইরপোয়া মন্ডলের যৌথ উদ্যোগে গতকাল অপারেশন সিন্দুরের সাফল্যে লোয়াইরপোয়া বাজারে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয় । যাত্রায় শ্রীভূমি জেলা সভাপতি সঞ্জীব বণিক , সাধারন সম্পাদক জয়শংকর চক্রবর্তী সহ দলের বিভিন্ন স্তরের নেতা-কর্মীরা অংশগ্রহন করেন ।

তিরঙ্গা যাত্রা সর্ম্পকে আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে জেলা সভাপতি শ্রীবণিক জানান যে

বাইট---------- ৩৩ সেকেন্ড

---

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিনগুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে জনসাধারণকে পরিচয় করিয়ে দিতে আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ বেশকিছু অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করেছে। এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্র থেকেও বরাক উপত্যকার প্রাক্তন সৈনিক, তাঁদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত প্রচারের প্রয়াস করা হচ্ছে । আজ আমরা ১৯৭১ সালের বাংলাদেশের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করা কাছাড় জেলার বড়খলা বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত জারইলতলা গ্রামের অবসরপ্রাপ্ত সেনা জওয়ান আর. কে. বীরেন সানার বীরগাঁথার কথা তুলে ধরছি । তিনি ২৮ বছর ভারতীয় সেনাবাহিনীতে সেবা প্রদান করেছেন । সিলেটে নিয়োজিত বীরেন সানা এবং তাঁর সহযোদ্ধারা ভারতীয় মুক্তিবাহিনীর সঙ্গে একযোগে পাকিস্তানী বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন । সেই যুদ্ধের কথা স্মরণ করে বীরেন সানা আমাদের শিলচরের সংবাদাতাকে জানান- **বাইট- ২৪ সেকেন্ড**

---

অসম সাহিত্য সভার কার্যনির্বাহী সমিতির সেতুবন্ধন কার্যসূচী আগামী ১৭, ১৮ এবং ১৯শে মে কাছাড়, শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায় অনুষ্ঠিত হবে। দেশের বিভিন্ন জাতি- জনগোষ্ঠীর মধ্যে ঐক্যের বন্ধন আরো সুদৃঢ় করার উদ্দেশ্যে অসম সাহিত্য সভার কার্যনির্বাহী সমিতি সেতুবন্ধন কার্যসূচী রূপায়ণের সিদ্ধান্ত গ্রহণ করেছে । সেই অনুসারে অসম সাহিত্য সভার সভাপতি ডঃ বসন্ত কুমার গোস্বামীর নেতৃত্বে এবং অসম সাহিত্য সভার স্বজাতীয় মৈত্রী বন্ধন উপ-সমিতির সৌজন্যে কাছাড়, শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায় চতুর্থ সেতুবন্ধন যাত্রা আরম্ভ করা হবে । এই অনুষ্ঠানে বরাক

উপত্যকার ভাষা ,সাহিত্য, কৃষ্টি সংস্কৃতি সহ অন্যান্য বিষয় সম্পর্কে অধ্যয়ন করার পাশাপাশি বিশিষ্ট নাগরিক, কবি, সাহিত্যিক, সাংস্কৃতিক কর্মী, বুদ্ধিজীবি প্রমুখের সঙ্গে মত বিনিময় করা হবে । অনুষ্ঠানে রাজ্য সরকারের কয়েকজন মন্ত্রী ও বিধায়করা অংশ নেবেন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---

হাইলাকান্দির জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত নুরুদ্দিন আহমেদ সিনিয়র আন্ত:জেলা ক্রিকেট প্রতিযোগীতার আজ তৃতীয় তথা ও শেষ দিন । এদিকে আউট ফিল্ড ভেজায় থাকায় গতকাল দ্বিতীয় দিনও শ্রীভুমি ও তেজপুরের মধ্যে খেলা হয় নি । চা বিরতির পর ম্যাচের দুই আম্পায়ার দ্বিতীয় দিনের খেলা বাতিল বলে ঘোষনা করেন ।

---